




### Composition and Activities of Programme Self-Assessment Committee (PSAC)

বিশ্ববিদ্যালয়ের প্রোগ্রামসমূহের অ্যাক্রিডিটেশন প্রাপ্তির লক্ষ্যে শিক্ষার পরিবেশ ও গুণগত মান উন্নয়নে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন ও মনিটরিং এর জন্য বিশ্ববিদ্যালয়ের প্রতিটি বিভাগ/ইনস্টিটিউটে তিন সদস্য বিশিষ্ট PSAC থাকবে। এই কমিটির প্রধান হবেন বিভাগীয় সভাপতি/একজন জ্যেষ্ঠ শিক্ষক এবং অন্য দুই জন শিক্ষক সদস্য হিসেবে থাকবেন। এই কমিটি দুই বছরের জন্য গঠিত হবে। PSAC এর মূল কার্যক্রম হবে বিভাগ/ইনস্টিটিউটের Quality Assurance (QA) সম্পর্কিত কার্যক্রম তত্ত্বাবধান করা এবং আইকিউএসি-র গৃহীত সকল QA কার্যক্রম বিভাগে যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করা।

### PSAC কর্তৃক আশু কার্যক্রমসমূহ

১. বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (BNQF) ও ইউজিসি প্রদত্ত OBE কারিকুলাম টেমপ্লেট অনুসরণ করে নির্ধারিত পদ্ধতিতে বিভাগ/ইনস্টিটিউটের প্রোগ্রামের কারিকুলাম প্রস্তুত করা;
২. সেমিস্টারের শুরুতে শিক্ষার্থীর নিকট কোর্স আউটলাইন প্রদান নিশ্চিত করা;
৩. প্রদত্ত কোর্স আউটলাইন অনুসারে শিক্ষা প্রদান নিশ্চিত করা;
৪. কনটিনিউয়াস অ্যাসেসম্যান্ট করা এবং শিক্ষার্থীদেরকে উক্ত অ্যাসেসম্যান্টের ফিডব্যাক প্রদান;
৫. কোর্স আউটলাইন এবং সংশ্লিষ্ট শিক্ষা উপকরণ সংশ্লিষ্ট কোর্স শিক্ষকের ওয়েবসাইট প্রোফাইলে আপলোড নিশ্চিত করা;
৬. কোর্স শেষে সংশ্লিষ্ট কোর্সের উপর স্টুডেন্ট ফিডব্যাক গ্রহণ নিশ্চিত করা;
৭. কোর্স ফাইলিং করা এবং
৮. মাসিক সভায় উপর্যুক্ত বিষয়সমূহের অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করে অ্যাকাডেমিক কমিটিতে উপস্থাপন করা।

  
প্রফেসর ড. দুলাল চন্দ্র রায়  
পরিচালক  
আইকিউএসি, রাজশাহী বিশ্ববিদ্যালয়




## Composition and Activities of Faculty Quality Assurance Committee (FQAC)

আইকিউএসি কর্তৃক সুপারিশকৃত এবং কিউএসি কর্তৃক গৃহীত Quality Assurance (QA) সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য বিশ্ববিদ্যালয়ের প্রতিটি অনুষদে এফকিউএসি কাজ করবে। এফকিউএসি-র প্রধান হবেন সংশ্লিষ্ট অনুষদের ডীন এবং সদস্য হবেন অপর দুই অনুষদের ডীন ও সংশ্লিষ্ট অনুষদের সভাপতিগণ। এফকিউএসি-র মূল কাজ হবে অনুষদভুক্ত PSAC সমূহকে তত্ত্বাবধান করা।

### FQAC কর্তৃক মনিটরিং এর বিষয়সমূহ

১. প্রোগ্রামসমূহের OBE কারিকুলাম প্রস্তুত করার লক্ষ্যে BNQF ও ইউজিসি প্রদত্ত OBE কারিকুলাম টেমপ্লেট অনুসরণে আইকিউএসি-র সুপারিশ ফলোআপ করা;
২. সকল বিভাগের OBE কারিকুলাম হালনাগাদ করা;
৩. প্রোগ্রামের অনুমোদিত OBE কারিকুলামে প্রদত্ত কোর্স আউটলাইন অনুসারে শিক্ষা প্রদান নিশ্চিত করা;
৪. কোর্স আউটলাইন এবং সংশ্লিষ্ট শিক্ষা উপকরণ সংশ্লিষ্ট কোর্স শিক্ষকের ওয়েবসাইট প্রোফাইলে আপলোড নিশ্চিত করা;
৫. কোর্স শেষে সংশ্লিষ্ট কোর্সের উপর স্টুডেন্ট ফিডব্যাক গ্রহণ নিশ্চিত করা;
৬. কোর্স শিক্ষক কর্তৃক কোর্স ফাইলিং নিশ্চিত করা;
৭. নিয়মিত দ্বিমাসিক সভার মাধ্যমে সংশ্লিষ্ট অনুষদের অ্যাক্রিডিটেশন প্রাপ্তির জন্য প্রস্তুতির অগ্রগতির পর্যালোচনাপূর্বক প্রতিবেদন প্রস্তুত করা এবং উক্ত প্রতিবেদন সংরক্ষণ ও পরবর্তী পদক্ষেপ নেয়ার জন্য আইকিউএসিকে অবহতি করা এবং
৮. কিউএসি সভায় সংশ্লিষ্ট অনুষদের ডীনমহোদয়গণ উক্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে গৃহীত কার্যক্রম ও অগ্রগতি উপস্থাপন করা।



প্রফেসর ড. দুলাল চন্দ্র রায়  
পরিচালক  
আইকিউএসি, রাজশাহী বিশ্ববিদ্যালয়